



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রদান, ক্রয় এবং একত্রিকরণ শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.২০.৬৯৩.১৮.১৬৮০

তারিখ: ৮ অগ্রহাষণ ১৪২৮

২৩ নভেম্বর ২০২১

বিষয়: ময়মনসিংহ সিএসডি, ময়মনসিংহ এর অনুকূলে প্রাতিষ্ঠানিক খাতে অর্থ বরাদ্দ।

সূত্র: তাঁর কার্যালয়ের স্মারক নং-১০২৩, তারিখ-২৭/১০/২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ১৪৮- খাদ্য মন্ত্রণালয়ের অধীন সাধারণ কার্যালয়ের অন্তর্ভুক্ত প্রাতিষ্ঠানিক ও পরিচালন কোড নং-১৪৮০২০৬-০০০০০০ এর নিম্নবর্ণিত অর্থনৈতিক কোড ও খাতের বিপরীতে প্রদর্শিত অর্থ ২০২১-২০২২ অর্থবছরের জন্য নির্দেশক্রমে আপনার অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত অর্থ হতে গত অর্থ বছরের বকেয়া বিল (যদি থাকে) পরিশোধযোগ্য।

কোড নং	খাতের নাম	বরাদ্দকৃত অর্থের পরিমাণ
৩২৪৪১০১	ভ্রমণ ব্যয়	৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা
৪১১২৩০৩	বৈদ্যুতিক সরঞ্জামাদি (ক্রয়)	২০,০০০/- (বিশ হাজার) টাকা।
মোট=		৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা।

উল্লেখ্য যে, পোশাক খাতে ৪৫ জন কর্মচারীর সাজ পোশাক প্রাপ্যতা উল্লেখপূর্বক চাহিদা প্রেরণ করা হয়েছে। পোশাক প্রাপ্যতার নির্ধারিত ছক পর্যালোচনা করে দেখা যায় যে, নতুনভাবে পোশাক প্রাপ্তির যোগ্যতা অর্জনের তারিখে ২০১৩-১৪, ২০১৬-১৭, ২০১৮-১৯, ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থ বছরের তারিখ উল্লেখ করা হয়েছে। উল্লেখ্য যে, পোশাক খাতে বকেয়া পোশাক গ্রহণের সুযোগ নেই এবং এতদিন ধরে কেন বকেয়া রয়েছে সে সম্পর্কে কোন তথ্য প্রদান করা হয়নি। এমতাবস্থায়, পোশাক খাতে সংশ্লিষ্ট কর্মচারীদের পোশাক প্রাপ্তির যোগ্যতা অর্জনের তারিখ চলতি অর্থ বছরে নির্ধারণ করতঃ পুনঃ চাহিদা প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

তাছাড়া, আসবাবপত্র (ক্রয়) খাতে গত অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ দ্বারা ক্রয়কৃত আসবাবপত্রের একটি পৃথক তালিকা এবং বর্তমান চাহিদায় উল্লিখিত আসবাবপত্রের যৌক্তিকতার একটি আলাদা তালিকা প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো। উল্লেখ্য যে, গত অর্থ বছরে ০৬টি হ্যাটনট ক্রয়ের জন্য অর্থ বরাদ্দ দেওয়া হলেও বর্তমান আসবাবপত্রের বিবরণে ০৩টি হ্যাটনট ক্রয়ের তথ্য উল্লেখ করা হয়েছে এবং বর্তমান চাহিদা পত্রে ০৫টি হ্যাটনট ক্রয়ের বরাদ্দ চাওয়া হয়েছে, যা বোধগম্য হচ্ছে না এবং এর ব্যাখ্যা প্রয়োজন।

এমতাবস্থায়, পোশাক ও আসবাবপত্র (ক্রয়) খাতে বর্ণনা মোতাবেক তথ্য ও ব্যাখ্যাসহ পুনঃ চাহিদা প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। পাশাপাশি বরাদ্দকৃত অর্থ সরকারী প্রচলিত বিধি-বিধান অনুসরণ করে ব্যয় নির্বাহের জন্য এবং মাসিক প্রতিস্বাক্ষরিত খরচের হিসাব বিবরণী পরবর্তী মাসের ১০(দশ) তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



২৩-১১-২০২১

মোঃ শেখ আসাদুজ্জামান
সহকারী উপ-পরিচালক

ব্যবস্থাপক

ময়মনসিংহ সিএসডি, ময়মনসিংহ।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.২০.৬৯৩.১৮.১৬৮০/১(৪)

তারিখ: ৮ অগ্রহায়ণ ১৪২৮
২৩ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বরাদ্দপত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।
- ২) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, , খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন,
- ৩) জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ।
- ৪) অফিস কপি।



২৩-১১-২০২১

মোঃ শেখ আসাদুজ্জামান
সহকারী উপ-পরিচালক